

created by the
Wildlife Conservation Society's
Bangladesh Cetacean Diversity Project


you are welcome to be copy, reproduce and adapt our educational materials for
your conservation project.

we would greatly appreciate an acknowledgement and a copy of the adapted
materials

edu@shushuk.org

www.shushuk.org

বাংলাদেশের ডলফিন ও তিমি




বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণীবৈচিত্র প্রকল্প



BANGLADESH CETACEAN DIVERSITY PROJECT

স্থানীয় জনসাধারণ ও প্রতিষ্ঠানের সাথে যুক্ত হয়ে বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণীবৈচিত্র ও প্রাচুর্যরক্ষা করাই আমাদের উদ্দেশ্য

Plot-111, Holding-5, Road-2, Shonadanga R/A, Khulna, Bangladesh, Phone: +88 01713 228800


বাংলাদেশের নদীগুলোতে ও বঙ্গোপসাগরে নানা জাতের
ডলফিন আছে। গভীর সমুদ্রে আরও আছে ডলফিনেরই
জাতভাই, তিমি।







ডলফিন আর তিমি জ্ঞাতে মাছ না,
এরা তোমার আমার মতই স্তন্যপায়ী প্রাণী,
এদেরকে নিশ্বাস নিতে পানির
উপরে আসতেই হয়।

ডলফিন ও তিমির লেজ চ্যাপ্টা এবং উপর নিচে নড়ে।
অন্যদিকে মাছেদের লেজ খাড়াখাড়ি ও বামে ডানে নড়ে।





ডলফিন ও তিমি সারা জীবন পানিতে বসবাস করে।
জন্ম, শিশুকে দুধ খাওয়ানো, সবই হয় পানির তলায়।



শুশুক একটি মিষ্টি পানির ডলফিন, যা আমাদের বড় নদীগুলোতে দেখা যায়। এই ডলফিনটি প্রায় অন্ধ।



শুশুকেরা শব্দ তরঙ্গ ছুড়ে মাছ শিকার করে ও ঘোলা পানিতে পথ খুঁজে পায়। একে বলে ইকোলোকেশন, একই পদ্ধতি যা ব্যবহার করে বাদুর অন্ধকারে দেখতে পায়।

মানুষের মাছ প্রয়োজন, ডলফিন ও তিমিদেরও তাই। কিন্তু যখন ডলফিন বা তিমি আমাদের মাছ ধরা জালে আটকে পড়ে, নিশ্বাস নিতে না পেরে এরা মারা যায়। এই আশ্চর্য প্রাণীদেরকে যদি আমরা জালে আটকে, নদীতে বাঁধ দিয়ে বা পানি দূষনের মাধ্যমে মারতে থাকি, তবে শীঘ্রই এরা বিলীন হয়ে যাবে।



ডলফিন আর তিমি আমাদের অস্তিত্বের জন্য অতি জরুরী। এরা নদীতে থাকলে মানুষেরও খেয়ে
বাঁচার মাছ থাকবে। সুতরাং আমাদের সকলের উচিত বাংলাদেশের ডলফিন ও তিমির প্রতি যতনশীল হওয়া।

বৈজ্ঞানিক গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির পাশাপাশি আমরা গণশিক্ষা ও গণসচেতনতা
তৈরীর মাধ্যমে বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণী সংরক্ষণে কাজ করি।



বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণীবৈচিত্র প্রকল্প BANGLADESH CETACEAN DIVERSITY PROJECT

স্থানীয় জনসাধারণ ও প্রতিষ্ঠানের সাথে যুক্ত হয়ে বাংলাদেশের জলজ স্তন্যপায়ী প্রাণীবৈচিত্র ও প্রাকৃতিক সম্পদ রক্ষা করাই আমাদের উদ্দেশ্য